আজ একটি সিরিয়াস বিষয় নিয়ে লিখতে বসলাম. না লিখলেও পারতাম কিন্তু মনে হলো এটা থেকে কারও কিছু উপকারে আসলেও আসতে পারে. বেপারটা আমার চাকুরীর পেশাদারিত্ব ও নেয্য অধিকার এর বিষয়ে.
আমি সিডনীতে গত ২৬ বছর যাবৎ প্রকৌশল পেশায় কাজ করছি. প্রথম ১৮ বছর **Sydney Water** এ আর গত ৮ বছর যাবৎ **Gosford/Central Coast Council** এ. আমি কোনোদিন সরাসরি ভাবে কোনোরকম **discrimination** বা **racism** এর সম্মুখীন হই নি. তবে এর উপস্তিতি আছে জানতাম প্রাইভেট সেক্টরে. সরকারী অফিসে সামনামনি করার কেউ সাহস পায় না. প্রথম থেকেই দেখে আসছি **EEO - Equal Employment Opportunity** - এর ব্যাপক প্রচার.

কিন্তু গত কয়েক মাস আমি বুঝতে পারছি আমার প্রতি আমার নতুন বস যিনি আমাদের পাশের কাউন্সিল (Wyong ) থেকে এসেছে, কিছুটা ভিন্ন ভাবে ব্যবহার করছে. এটা কেবল কিছু সংখক এর বেলায় প্রযোজ্য আর যারা মূলত মাইগ্রান্ট কিন্তু পেশাদার ইঞ্জিনিয়ার. বলে রাখি এই বস এর কোনো প্রকৌশল ডিগ্রী নেই (TAFE). Woyng আর Gosford কাউন্সিল merge হবার পর (Central Coast Council) থেকে আমাদের মদ্ধ্যে ও একটা রেষারেষি এমনিতে চলসে. Wyong এর বস রা আমাদের (Gosford ) উপর কর্তৃত্ত্ব করার চেষ্টা করছে.

পেশাগত দিক ছাড়া আরও কিছু বিষয়ে আমাকে ভীষণ মর্মাহত করে, আর তা হলো আমি একদিন অফিসের করিডোরে আমার এক দেশি কলিগের সাথে বাংলায় কথা বলছিলাম, আমাকে বলা হলো অফিসে যেন শুদু ইংলিশে আলাপ করি. আমি simply speechless হয়ে গেলাম !!
তারপর গত ৮ বছর যাবৎ অফিসের একটা স্টোর রুমে আমি যোহর /আসরের নামাজ পড়তাম, কেউ বুঝতেই পারতো না. কিন্তু আমাকে safety এর কথা বলে বলা হলো ওই রুমে আর না যেতে. আর সবচেয়ে হাস্যকর ব্যাপার হলো যখন বলা হলো আমি কতক্ষণ আমার অফিস ডেস্ক এ থাকি তাও ম্যানেজমেন্ট মনিটর করছে !!!! এত বছর safety কোনো ইসু ছিল না ?? অস্ট্রেলিয়াতে আমি এরকম কোনো পরিস্তিতির সম্মুখীন হই নি .

যাক আসল কথায় আসি , কিছুদিন পূর্বে আমাদের ডিপার্টমেন্ট এ একটা উচ্চতর পদের জন্য আবেদন করা হয় বাহ্যিকভাবে. পজিশনটা আমার বর্তমান কাজের সাথে ৯৫% ম্যাচ করে. সবাই জানে কাউন্সিল এর কাজের অভিজ্ঞতা ছাড়া বাহির থেকে কাউন্সিল এ চাকুরী পাওয়া খুবই বিরল, বিশেষ করে একটু সিনিয়র পজিশন এ. আর পোস্ট ছিলো দুইটি, আমার সাথে আরেকজন আছে সেও যোগ্য এই পদের জন্য. তাই আমি নিশ্চিত ছিলাম এই পদের ব্যাপারে. আমার এক বস (Aussie) যিনি আমাকে এই কাউন্সিলে recruit করেছিলেন, আমাকে অনুপ্রাণিত করেন এবংআমার এপ্লিকেশন টা রিভিউ করে দেন. ওর ভাষ্যমতে এর কাছাকাছি আর কাউকে পাওয়া যাবেনা, কারণ সে রিক্রুইটমেন্ট প্রসেস এর সাথে ভালোভাবে পরিচিত.

কিন্তু আমাকে অবাক করে এপ্লিকেশন জমা দেওয়ার মাত্র তিন দিনের মাথায় HR থেকে ফোন করে জানানো হলো যে আমার এপ্লিকেশন successful হয় নি তাই আমাকে ইন্টারভিউ তে ডাকা হবে না. কথাটা শুনে আমি হতবাক হয়ে গেলাম. আমার মনে হল এটা পূর্ব পরিকল্পিত সিধান্ত, আমার এপ্লিকেশন যাচাই বাছাই না করে হয়েছে.
আমি সাথে সাথে আমাদের কাউন্সিল এর HR এর বস এবং আমাদের পেশাদার ইউনিয়ন **- Association of Professional Engineers, Scientists and Managers of Australia (APESMA)** তে জুড়ালো আবেদন করি.
আমার এপ্লিকেশন এর কপি ওদের কাছে পাঠাই . আমাদের HR এর বস এবং APESMA এর প্রতিনিধি আমার application দেখে প্রথমেই বলে যে আমাকে ইন্টারভিউয়ে না ডাকার কোনো কারণ ওরা পাচ্ছে না. আমি তখন আমার বাকি অভিযোগগুলো (বাংলা কথা ও নামাজের জায়গা ) বলি. এটা শুনে আমাদের HR এর বস ভীষণ খেপে যায় . আমাকে বলা হলো যতদিন নতুন ব্যবস্তা না হবে আমি যেনো নামাজ পড়ি সেখানে. আর বাংলা কথা এর বেপারে বলা হলো তৃতীয় কারও সামনে না বলতে. আমাকে জানানো হলো যে HR থেকে আমার আবেদন এর বেপারে বিস্তারিতভাবে ইনভেস্টিগেশন করা হবে. আর ততদিন পর্যন্ত এই recruitment স্থগিত করা হোল.

গত তিন সপ্তাহ যাবৎ HR আর ইউনিয়ন এর প্রতিনিধি সব প্যানেল মেম্বারদের মতামত এবংওদের scoring নিয়ে জিজ্ঞাসাবাদ করে. ইতিমধ্যে অফিসে সবাই জেনে গেসে. আমার সাথে প্রায় সবাই একমত. কিন্তু ম্যানেজমেন্ট নানা টালবাহানা করতে থাকে এবং আমাকে একেক সময় একেকটা হাস্যকরকারণ দেখানো হয়. কিন্তু পরে HR আর ইউনিয়ন এর চাপে তাদেরকে কিছুটা পিছুটান দিতেহয় .
আমাকে গতকাল (শুক্রবার ) HR থেকে ফোন করে বলা হয় আমি কি ইন্টারভিউ এর জন্য আসতে পারবো কিনা. আমি বললাম আমাকে লিখিতভাবে দিতে হবে কেনো আমাকে প্রথমে ডাকা হয়নি আর এখন ডাকা হচ্ছে. আমি ইন্টারভিউতে যাবো কিনা এখনো সিদ্ধান্ত নেই নি. আমি বললাম বর্তমান প্যানেল এর উপর আমার বিশ্বাস

ও আস্তা নেই . আমার কাছে উচ্চ পদের চেয়ে আমার মান সম্মান ও প্রাপ্য অধিকার অনেক বড়. তাদেরকে স্বীকার করতে হবে যে তারা কাজটা ইচ্ছকৃতভাবে করেছে, যদিও তারা করবে কিনা জানিনা. তবে অফিসে সবাই এটাকে ভালভাবে নিয়েছে. বুঝতে পারলাম অনেকেই ভিতরে ভিতরে মনোক্ষুণ্ন এই বস এর উপর.

আমি সাথে সাথে ইউনিয়নকে ফোন করে বলি যে এখন আমার প্রতি যেন আর কোনো unfair কিছু না করা হয় . ইউনিয়ন আমাকে আশস্ত করেছে তারা আমার বেপারটার দিকে বিশেষ খেয়াল রাখবে. HR ওআমাকে বলেছে তারা কাউন্সিল এ একটা প্রাইভেট রুম এর বেবস্তা করবে যেখানে আমি নামাজ পড়তে পারবো এবং অন্যরাও use করতে পারবে.

আমি যদি চুপ করে সব অন্যায়ে মেনে নিতাম তাহলে এটা আমাদের ভবিষ্যতের জন্য ভালো হতো না. আমাদের নেয্য অধিকার কেউ কেড়ে নিতে পারবে না, আমরা যদি সঠিক থাকি. চুপ করে থাকলে **Paulin Hanson** দের মত নষ্ট পলিটিশিয়ানরা মাথা চাড়া দিয়ে উঠবে. আমাদের ভবিষৎ প্রজন্মের ভালোর জন্য আমাদেরকে একটু কষ্ট করতে হবে.

আরেকটা বেপার, পেশাদার চাকুরীর ক্ষেত্রে আমাদের ইউনিয়ন এর সাহায্যের প্রয়োজন রয়েছে. এটা অনেকে মানতে চায় না. আমি গত ২৬ বছর যাবৎ ইউনিয়ন মেম্বার কিন্তু প্রয়োজন হয়েছে মাত্র কয়েকবার. কিন্তু এবার পেলাম সত্যিকার এবং সমুচিত সাহায্য. তাই আমি বলবো যারা এখানে নতুন তারা যেনো তাদের প্রাপ্য সুযোগ সুবিধার বেপারে এলার্ট থাকে এবং কুনো অন্যায়ের বিরুধ্যে প্রতিবাদ করতে যেনো কুণ্ঠাবোধ না করে.

আমি গত কয়েকমাস বেশ মানসিক চাপের মধ্যে ছিলাম. কিন্তু এখন ভীষণ ভালো লাগসে এইভেবে যে আমি প্রমান করতে পেরেছি যে ওরা যা করেছে সব অন্যায়ে করেছে.

**It's gross discrimination, racism and against the EEO policy. NOT FAIR.**

আর আমার এক বস এর কাছ থেকে গতকাল রাতে যখন এই চিঠি টা পাই, তখন আমার সব কষ্ট, frustration আর anger কেটে যায় . সত্যের জয় এখনও হয়, আর পৃথিবীতে এখনও ভালো লোকের সংখ্যাই বেশী.

আলহামদুলিল্লাহ.
================================

Hi Nawshad,
I'm just letting you know that I think you achieved a great outcome for yourself yesterday by sticking up for your own rights.
I know that the evaluation panel and unit manager have been despicable. I only hope they get their punishment through embarrassment and a very heavy wrap over the knuckles. Nobody should tolerate this stinking attitude that CCC are breeding. I do feel all those concerned have been severely reprimanded and they will not want to cross you again. I believe if they do anything against you again (even mildly discriminatory) you should report it to the Union and Erin immediately.

I feel you will be in a safer place now as all those who discriminated and victimised you will be fearful of losing their jobs.

I'm extremely proud of your achievement and your family should also be proud.
You can definitely hold your head high.
Great job Nawshad.

Regards,
Xxxxx
14/02/2020
Central Coast Council (CCC)
============================

**Nawshad Shah**
**0402385342**
**Sydney** ◦